"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
Bangladesh Power Development Board

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।

স্মারক নম্বর : ২৭.১১.০০০০.২১০.৫২.৪৫৬.১৯-৩৬৭

তারিখ : ১৫-১২-২০১৯ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে সরকারের চাকরি [স্বশাসিত (পাবলিক Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী প্রচলিত বেতনস্কেলে এসবিএ-এ পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ও প্যানেল তৈরীর লক্ষ্যে শিক্ষানবিশ হিসেবে নিয়োজনের জন্য নিম্নোক্ত শর্তাধীনে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহবান করা যাচ্ছে :

শিক্ষাগত যোগ্যতা ও নিয়োজনের শর্ত	যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন না	মন্তব্য
ক) নূন্যতম উচ্চ মাধ্যমিক(বিজ্ঞান)/সমমান(বিজ্ঞান)। খ) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে ; জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব — প্রথম বিভাগ জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম — দ্বিতীয় বিভাগ গ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নহে। ঘ) নির্বাচিত প্রার্থীগণ ০১(এক) বৎসরের জন্য **শিক্ষানবিশ এসবিএ-এ** হিসাবে প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন। প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থী হিসেবে তারা মাসিক টাকা ; ৯,৭০০/- হারে প্রশিক্ষণভাতা পাবেন। প্রশিক্ষণ সাফল্যজনকভাবে সমাপ্তির পর সংশ্লিষ্ট পদ শূন্য থাকলে মেধার ভিত্তিতে এসবিএ-এ পদে টাকা ; ৯,৭০০-২৩,৪৯০/- বেতনস্কেল'২০১৫ ও প্রচলিত অন্যান্য ভাতাদিসহ নিয়োগ বিবেচনা করা হতে পারে। পদ শূন্য না থাকলে প্রশিক্ষণের পর সনদপত্র প্রদাণপূর্বক অব্যাহতি দেয়া হবে। ভবিষ্যতে পদ শূন্য হওয়া স্বাপেক্ষে মেধা ও প্রচলিত বিধি অনুযায়ী পর্যায়ক্রমে নিয়োগ বিবেচিত হতে পারে। নিয়োগ বিবেচিত হলে যে কোন বিতরণ বিভাগের উপ-কেন্দ্রসহ বোর্ডের যে কোন দপ্তরে চাকুরী করতে বাধ্য থাকতে হবে। ঙ) **কেবলামাত্র প্রকৃত বাংলাদেশী পুরুষ নাগরিকগণ এ পদে আবেদন করতে পারবেন।**	নারায়নগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বি-বাড়ীয়া, কুমিল্লা, ফেনী, নোয়াখালী, রাঙ্গামাটি, নাটোর, বগুড়া, দিনাজপুর, গাইবান্ধা, যশোর, ঝিনাইদহ, নড়াইল, ঝালকাঠি ও বরগুনা।	সকল জেলার এতিম এবং শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলী :

১) বয়সসীমা ০১-১২-২০১৯ খ্রিঃ তারিখে ১৮-৩০ বৎসর। প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্রদের ক্ষেত্রে ১৮-৩২ বৎসর।

২) সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগনকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৩) প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ন প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদি আহ্বান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

৪) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনরুপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৫) ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র থাকতে হবে। জেলা প্রশাসক ব্যতিত অন্য কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণ করা হবে না।

খ) প্রতিবন্ধী কোটার প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ থাকতে হবে।

গ) এতিম এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র থাকতে হবে।

৬) ক) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের ১৯-০৬-২০১৭ তারিখের ৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযোদ্ধার নাম 'লাল মুক্তিবার্তা' অথবা 'ভারতীয় তালিকা'য় থাকতে হবে। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত 'লাল মুক্তিবার্তা' অথবা 'ভারতীয় তালিকা'র কিংবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের ওয়েবসাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম এবং ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

খ) কোন মুক্তিযোদ্ধার নাম 'লাল মুক্তিবার্তা' অথবা 'ভারতীয় তালিকা'য় না থাকলে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত (i) গেজেট ও সাময়িক সনদ অথবা (ii) গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) সনদ অথবা (iii) গেজেট, সাময়িক সনদ ও বামুস সনদ থাকতে হবে।

গ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী কোন প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র হলে 'লাল মুক্তিবার্তা' অথবা 'ভারতীয় তালিকা'র মুক্তিযোদ্ধার নামের সাথে আবেদনপত্রের পিতার নাম ও ঠিকানা যাচাইয়ের ক্ষেত্রে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর /পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা/মাতার নাম এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন থাকতে হবে।

৭) অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকে বাতিল করা হবে।

৮) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৯) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

চলমান পাতা-২

"শেখ হাসিনার উদ্যোগ,
ঘরে ঘরে বিদ্যুৎ"

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী :

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://bpdb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. **Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২২-১২-২০১৯ খ্রিঃ, সকাল-১০.০০ টা।**

ii. **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ১২-০১-২০২০ খ্রিঃ, বিকাল-৫.০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ **আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s copy পাবেন। উক্ত Applicant`s copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant`s কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে পরীক্ষার ফি-বাবদ ৪০০/-(চারশত) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহিত হবে না।

প্রথম SMS:BPDB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPDB ABCDEF

Reply: Applicant`s Name, Tk-400/-(Four Hundred) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee type BPDB<Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS:BPDB<space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPDB YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BPDB Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx).

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bpdb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BPDB<space>Help<Space>User<Space>User ID & Send to 16222 নম্বরে।
Example: BPDB Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে BPDB<space>Help<Space>PINr<Space>PIN No & Send to 16222 নম্বরে।
Example: BPDB Help PIN 12345678 & send to 16222

১৫-১২-১৯
(শাহানা শিরীন)
পরিচালক, কর্মচারী পরিদপ্তর
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।